


কালের কর্ত্তা

আপডেট : ১৪ মে, ২০১৮ ২৩:২৯

জীবনের নিরাপত্তা চাইলেন শিক্ষকরা



মানিকগঞ্জের ঘিরের শ্রীবাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা জীবনের নিরাপত্তা চেয়ে নির্বাহী কর্মকর্তার কাছে আবেদন জানিয়েছেন। ম্যানেজিং কমিটির সভাপতি পদ নিয়ে দলের জের ধরে গত রবিবার প্রধান শিক্ষককে লাঞ্ছিত ও দণ্ডরিকে মারধর করা হয়। এর পরিপ্রেক্ষিতে ঘটনার দিনই স্কুলের সব শিক্ষক ও দণ্ডরিকে স্বাক্ষরযুক্ত আবেদনটি করা হয়। অন্যদিকে প্রধান শিক্ষক ঘিরের থানায় একটি জিডি করেন।

নিরাপত্তা চেয়ে আবেদনে বলা হয়েছে, ম্যানেজিং কমিটির সভাপতি পদে নির্বাচনকে ঘিরে একটি পক্ষ, যারা নির্দিষ্ট সময়ে মনোনয়নপত্র সংগ্রহ করেনি, তারা প্রতিনিয়ত হত্যার হৃষি দিয়ে আসছে। গত রবিবারের হামলার কথা উল্লেখ করে আবেদনে বলা হয়, শিক্ষকরা অব্যাহত হৃষির মুখে নিরাপত্তাহীনতায় ভুগছেন।

আবেদনের অনুলিপি দেওয়া হয়েছে উপজেলা চেয়ারম্যান, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও ঘিরের থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে। তবে ওই আবেদনে কারো নাম উল্লেখ করা হয়নি। এ ব্যাপারে নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন শিক্ষক জানান, যারা ঘটনার সঙ্গে জড়িত তারা প্রভাবশালী। যে কারণে আমরা নাম উল্লেখ করতে সাহস পাইনি। তবে তাদের নাম আমরা নির্বাহী কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সবার কাছে মৌখিকভাবে জানিয়েছি।

অন্যদিকে প্রধান শিক্ষক নাছিমা খাতুন ছয়জনের নাম উল্লেখ করে ঘিরের থানায় একটি অভিযোগ করেন। অভিযুক্তরা হচ্ছেন আবুল বাশার, আব্দুল হাই, শামিম রেজা, আব্দুল আজিজ, ইনসুস ও আবজাল। অভিযোগে বলা হয়েছে, ম্যানেজিং কমিটির চারজন অভিভাবক সদস্য নিয়োগে অনিয়মের একটি তদন্ত হওয়ার কথা ছিল গত রবিবার বিদ্যালয়ের কার্যালয়ে। কিন্তু বিশেষ কারণে ঘিরের উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা প্রধান শিক্ষকসহ অভিযোগকারী ও অভিযুক্তদের দুপুর ২টায় উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে উপস্থিত হতে বলেন। এ ঘটনা সবাইকে জানানোর সময় বিবাদীরা তাঁকে লাঞ্ছিত এবং দণ্ডরিকে মারধর করেন।

ঘিরের উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শামিমা খোন্দকার বলেন, আবেদনকারীদের এ বিষয়ে নিয়মিত মামলা করার পরামর্শ দেওয়া হয়েছে। বিষয়টি নিয়ে তিনি মানিকগঞ্জ জেলা প্রশাসকের সঙ্গেও কথা বলবেন।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইষ্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়ো, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com